# বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

উনত্রিশ বর্ষ (প্রথম সংখ্যা)
জানুয়ারি ২০১৮



*"All nations have attained greatness by paying proper respect to women. That country and that nation which do not respect women have never become great, nor will ever be in future. If you do not raise the women, who are the living embodiment of the Divine Mother, don't think that you have any other way to rise."*
—Swami Vivekananda

## সম্পাদকীয়

মাত্র চুয়াল্লিশ বছর তিনি জীবিত ছিলেন। জন্মে বিদেশিনী, কিন্তু কর্মে ও মননে প্রবলভাবে ভারতীয় সেই মহীয়সী লোকমাতা নিবেদিতার সার্ধশতবর্ষের উদ্‌যাপন চলছে দেশজুড়ে। 'ভারতবর্ষ'—এই পবিত্র শব্দটিকে তিনি জপমন্ত্রের মত ব্যবহার করতেন। স্ত্রী শিক্ষার প্রসার তথা নারী জাগরণে তাঁর অবদান দেশ শ্রদ্ধার সঙ্গে স্মরণ করে। এ ছাড়াও ভারতীয় সংস্কৃতি ও ঐতিহ্যের অনুসন্ধান, বিজ্ঞানচর্চা ও গবেষণা, ভারতীয় সাহিত্য ও শিল্পকলার পৃষ্ঠপোষকতা এবং স্বাধীনতা আন্দোলনে তাঁর ভূমিকার কথা আমরা কোনদিনই ভুলতে পারব না। হিমালয়ের শান্ত নির্জন ক্রোড়ে এক শারদ প্রভাতে জীবনদীপ যখন নির্বাপিতপ্রায়—তখন তিনি অস্ফুটে বলেছিলেন—**"The boat is sinking. But I shall see the sunrise."** তিনি নতুন সূর্যোদয় দেখতে চেয়েছিলেন জীবনসূর্যের অস্তমুহূর্তে। সেই সূর্যোদয় কি হয়েছে? এই প্রশ্নই আমাদের আজও কুরে কুরে খায়। সূর্য তো শাশ্বত মহিমায় দেদীপ্যমান। এই ঘন কুয়াশার আবরণ কবে অপসৃত হবে—কবে হবে নিবেদিতার প্রত্যাশিত সূর্যোদয়? উত্তর মেলে না। প্রত্যাশা তবুও আবহমান।

বিদ্যামন্দির এবং খুব সামান্যভাবে হলেও প্রাক্তনী সংসদও সার্ধশতবর্ষের এই উদ্‌যাপনে অংশগ্রহণ করছে। আপনাদের কাছে আমরা এই উদ্যোগে সর্বপ্রকার সহযোগিতা কামনা করি।

—তপন কুমার ঘোষ, প্রধান সম্পাদক

## আনন্দ সংবাদ



শ্রীমৎ স্বামী স্মরণানন্দজী মহারাজ
সংঘাধ্যক্ষ, রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশন

প্রাক্তনীবার্তার পূর্ববর্তী সংখ্যায় আমরা রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের পূজ্যপাদ সংঘাধ্যক্ষ শ্রীমৎ স্বামী আত্মস্থানন্দজী মহারাজের প্রয়াণের সংবাদ জানিয়েছিলাম। পরবর্তীতে সংঘাধ্যক্ষের গুরুদায়িত্ব পেয়েছেন শ্রীমৎ স্বামী স্মরণানন্দজী মহারাজ। রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের নতুন নিয়মানুযায়ী রামকৃষ্ণ সংঘে এখন মোট পাঁচজন সহ-সংঘাধ্যক্ষ আছেন। এঁরা হলেন স্বামী বাগীশানন্দজী, স্বামী প্রভানন্দজী, স্বামী গৌতমানন্দজী, স্বামী সুহিতানন্দজী এবং স্বামী শিবময়ানন্দজী মহারাজ।

আমাদের আনন্দ ও গৌরব এ কারণে যে এঁদের সকলেই কোন না কোন সময়ে বিদ্যামন্দির তথা সারদাপীঠের সঙ্গে যুক্ত ছিলেন। আশা করি তাঁদের শুভেচ্ছা এবং আশীর্বাদ থেকে আমরা কোনদিন বঞ্চিত হব না।



স্বামী বাগীশানন্দ



স্বামী প্রভানন্দ



স্বামী গৌতমানন্দ



স্বামী সুহিতানন্দ



স্বামী শিবময়ানন্দ

## ভগিনী নিবেদিতার সার্ধশতবর্ষ



লোকমাতা নিবেদিতার সার্ধশতবর্ষ উপলক্ষে আগামী ১০ এবং ১১ মার্চ ২০১৮ বিদ্যামন্দিরের "ভারতীয় সাংস্কৃতিক এবং আধ্যাত্মিক উত্তরাধিকার" বিভাগের উদ্যোগে আলোচনা সভার আয়োজন করা হয়েছে। সূচক বক্তৃতাটি প্রাক্তনী শ্রী ব্রজলাল বন্দ্যোপাধ্যায়ের অর্থানুকূল্যে প্রথম 'নিবেদিতা স্মারক বক্তৃতা' হিসাবে অনুষ্ঠিত হবে এই সময়েই। প্রাক্তনী সংসদও সাধ্যমত এই উদ্যোগের অংশীদার হতে আগ্রহী। কলেজের ওয়েব সাইটে এই সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে প্রকাশিত হবে।

## সম্মানিত প্রাক্তনী

বিদ্যামন্দিরের ১৯৯৭-২০০০ শিক্ষাবর্ষের কম্প্যুটার অ্যাপ্লিকেশন শাখার প্রাক্তনী শ্রী শৌভিক দত্ত উইপ্রো টেকনোলজির 'Distinguished Member of Technical Staff' পদে উন্নীত হয়েছেন। টেকনোলজি রোলে অসামান্যতা ও ট্যালেন্ট ডেভেলপমেন্টে দক্ষতার স্বীকৃতিতে তাঁকে এই পদে মনোনীত করা হয়। গত ডিসেম্বর মাসে উইপ্রোর প্রধান কার্যালয় বেঙ্গালুরুতে শংসাপত্র ও বোনাস সহ তাঁকে সম্মানিত করা হয়। শ্রী দত্তকে আমাদের আন্তরিক অভিনন্দন। প্রসঙ্গত, প্রাক্তনী সংসদের ওয়েবসাইট স্থাপনা এবং নিয়মিত পুনর্নবীকরণে তাঁর প্রয়াস আমরা সর্বদা স্মরণ করি।

## শোক সংবাদ

- ১৯৫০-৫২ শিক্ষাবর্ষের প্রাক্তনী শ্রী সত্যনারায়ণ কুণ্ডু গত ১২ সেপ্টেম্বর তারিখে প্রয়াত হয়েছেন। দুরারোগ্য ব্লাড ক্যান্সার রোগে আক্রান্ত এই প্রাক্তনী কর্মজীবনে এল.আই.সি.-র সঙ্গে যুক্ত ছিলেন। তাঁর আত্মার শান্তি কামনা করি।

- শ্রী শোভন সরকার ২০০৭-০৯ শিক্ষাবর্ষে বিদ্যামন্দিরে স্নাতকোত্তর সংস্কৃত বিভাগের ছাত্র ছিলেন। সম্প্রতি ব্রেন ক্যান্সার-এ আক্রান্ত হয়ে অতি অল্প বয়সেই তিনি পরলোকগমন করেছেন। তাঁর আত্মার সদ্গতি কামনা করি এবং শোকসন্তপ্ত পরিবারবর্গকে আন্তরিক সমবেদনা জানাই।

## সাবাস, সঞ্জয়

বালুরঘাট থানার ও.সি. বিদ্যামন্দিরের ১৯৯০-১৯৯৩-এর প্রাক্তনী শ্রী সঞ্জয় ঘোষ গত আগস্ট মাসে প্রবল বন্যার সময় গঙ্গাসাগর গ্রামে এক অশীতিপর অসুস্থ বৃদ্ধাকে উদ্ধার করে বালুরঘাট সদর হাসপাতালে ভর্তি করেন। বন্যাদুর্গত একটি শিশুকে উদ্ধার করে তিনি তার মায়ের হাতে তুলে দেন। চক্‌ভৃগু, গঙ্গাসাগর, মায়ামারি, চককাশী, জলঘর—ইত্যাদি এলাকায় নিজের জীবন বিপন্ন করে তিনি দুর্গতদের সাহায্য করেন। তাঁর এই কাজ সর্বস্তরে প্রশংসা পেয়েছে। এছাড়া গত অক্টোবর মাসে অজ্ঞাতপরিচয় অসুস্থ এক বৃদ্ধকে রাস্তা থেকে উদ্ধার করে বালুরঘাট জেলা হাসপাতালে ভর্তি করে চিকিৎসার যাবতীয় ব্যবস্থাও করেন সঞ্জয় নিজে। পুলিশের মানবিক মুখ দেখল বালুরঘাট! তাঁর এই মহৎ কাজের সংবাদ পেয়ে আমরা আনন্দিত এবং গর্বিত।

## একটি প্রশংসনীয় উদ্যোগ

১৯৮২-৮৪ (হায়ার সেকেন্ডারি) বর্ষের প্রাক্তনী দীপ্তভানু গুপ্ত সম্প্রতি বিদ্যামন্দিরের ছাত্রাবাসের জন্য মোট ষোলটি ওয়াটার পিউরিফায়ার যন্ত্র দান করেছেন। পানীয় জলের বিষয়ে আবাসিকদের সমস্যা জানার পরে তাঁর এই প্রশংসনীয় উদ্যোগ। ধন্যবাদ, দীপ্তভানু!

## আনন্দ সংবাদ

বিদ্যামন্দিরের ১৯৯৪-৯৭ ব্যাচের প্রাক্তনী সুপর্ণকান্তি করাতির প্রযোজনা সংস্থা opera, ২০১৭ তে সেরা বাংলা ছায়াছবি 'বিসর্জন' (পরিচালক ঃ কৌশিক গাঙ্গুলী)-এর জন্যে রাষ্ট্রীয় পুরস্কারে সম্মানিত হয়েছে। রাষ্ট্রপতির হাত থেকে পুরস্কার নিয়েছেন সুপর্ণ। একই ছায়াছবির প্রযোজক হিসেবে তিনি পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে পেয়েছেন সেরা বাংলা ছবির প্রাপ্য 'মহানায়ক সম্মান'। পেয়েছেন Zee Cinema Award-ও। তাঁর এই সম্মানপ্রাপ্তিতে আমরাও গর্বিত! অভিনন্দন সুপর্ণ!

## প্রকাশিত হল একটি আত্মজীবনী

গত ২২ নভেম্বর ২০১৭ রাজভবনে বিশিষ্টজনদের একটি সভায় আমাদের বরিষ্ঠ প্রাক্তনী (১৯৫২-৫৪) শ্রী ব্রজলাল ব্যানার্জীর আত্মজীবনী GRATITUDE প্রকাশিত হল। মাননীয় রাজ্যপাল শ্রী কেশরী নাথ ত্রিপাঠী বইটি প্রকাশ করেন। এই উপলক্ষে আয়োজিত সভায় বিদ্যামন্দিরের অধ্যক্ষ ও প্রাক্তনী স্বামী শাস্ত্রজ্ঞানন্দ মহারাজ একটি সংক্ষিপ্ত ভাষণ প্রদান করেন। বইটি থেকে শ্রী ব্যানার্জীর ঘটনাবহুল জীবনের অনেক কথা জানা যায়।

## বিদ্যামন্দিরের জন্য একটি আবেদন

বিদ্যামন্দির কর্তৃপক্ষ নীচের কয়েকটি প্রকল্প রূপায়ণের কাজে প্রাক্তনীদের এগিয়ে আসতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে।

১) বিদ্যামন্দির কর্তৃপক্ষ বিদ্যামন্দিরের ছাত্রাবাসে গরম জলের ব্যবস্থা করতে উদ্যোগী হয়েছেন। এই জন্যে প্রয়োজন কয়েকটি Geyser বসানো। সব মিলিয়ে আনুমানিক মোট খরচ ৫ লক্ষ টাকা।

২) বিদ্যামন্দিরে বর্তমানে প্রচুর দরিদ্র পরিবারের ছাত্রেরা পড়াশুনা করতে আসে। বিদ্যামন্দিরের নিজস্ব স্কলারশিপ তহবিল সমৃদ্ধ করা একান্ত প্রয়োজন। আনুমানিক ৫০ লক্ষ টাকার তহবিল নির্মাণ করতে বিদ্যামন্দির কর্তৃপক্ষ উদ্যোগ নিয়েছেন।

৩) বিদ্যামন্দির প্রতিবছর পড়াশুনায় বিশেষ কৃতিত্বের জন্য স্বর্ণ ও রৌপ্য পদক প্রদান করে। সেই কারণেও একটি তহবিল গঠন করা দরকার।

৪) বিদ্যামন্দির কর্তৃপক্ষ প্রতিটি বিভাগে একটি করে Endowment (Seminar) Lecture শুরু করেছেন। ইংরাজী, সংস্কৃত, ইতিহাস, দর্শন, গণিত, কম্পিউটার সায়েন্স, মাইক্রোবায়োলজি, জুওলজি, অর্থনীতি, রাশিবিজ্ঞান, ইলেক্ট্রনিক্স—এই বিষয়গুলিতে বক্তৃতা আয়োজন করার জন্যে Endowment Fund তৈরী করা দরকার। প্রতিটির জন্যে ন্যূনতম ৭০ হাজার টাকা প্রয়োজন।

**যোগাযোগ করতে পারেন ঃ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ (৯৪৩২০৯০৮৮৯); স্বামী একচিত্তানন্দ (৯০৭৩৪৯৮৩৬৬)**

# বার্ষিক সাধারণ সভা, ২০১৭ : একটি সংক্ষিপ্ত বিবরণ

প্রতি বছরের মত এবারও বিগত অর্থবর্ষের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হল ১৫ আগস্ট ২০১৭ তারিখে। সভায় উপস্থিত ছিলেন ৭৭ জন প্রাক্তনী। অপরাহ্ণ ২-৩০ মিনিটে বিবেকানন্দ হল-এ বৈদিক মন্ত্র পাঠের মধ্য দিয়ে সভার কাজ শুরু হয়। সভায় পৌরোহিত্য করেন সংসদ সভাপতি শ্রী বিশ্বনাথ দাস। এরপর বিদ্যামন্দির পরিবারের লোকান্তরিত প্রাক্তনী ও অন্যান্য সদস্যদের আত্মার শান্তি কামনায় ১ মিনিট নীরবতা পালন করা হয়।

বিদ্যামন্দিরের উপাধ্যক্ষ স্বামী একচিত্তানন্দজী উপস্থিত সদস্যদের উদ্দেশে স্বাগত ভাষণ দেন। তিনি সকল সদস্যকে বিদ্যামন্দিরের প্রতি প্রাক্তনীদের ঋণের বিষয়ে সচেতন করেন। এদিনের উল্লেখযোগ্য আয়োজন ছিল বিশিষ্ট প্রাক্তনী (১৯৫৯-৬১) ডাঃ ধীমান গাঙ্গুলীর সম্বর্ধনা। প্রাক্তনী ডাঃ গাঙ্গুলী কিছুদিন পূর্বে পশ্চিমবঙ্গ সরকারের 'বঙ্গবিভূষণ' সম্মানে ভূষিত হওয়ায় তাঁকে প্রাক্তনী সংসদ এই সংবর্ধনা জ্ঞাপন করে। ডাঃ গাঙ্গুলী এই সংবর্ধনার উত্তরে জীবন সম্পর্কে তাঁর অনুভূতি ও ব্যক্তিগত মূল্যবোধের কথা উল্লেখ করেন।

এরপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী শাস্ত্রজ্ঞানন্দ মহারাজ বিগত এক বৎসরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ দেন। অতঃপর গত বছরের (২০১৬-১৭) বার্ষিক সাধারণ সভার কার্যবিবরণী সভায় পঠিত ও অনুমোদিত হয়। তারপর কর্মসচিব বিগত অর্থবর্ষের সংসদের কার্যাবলীর প্রতিবেদনটি সভায় পেশ করেন। এরপর সংসদের হিসাব ও অডিটরের রিপোর্ট সভায় আলোচনার জন্য পেশ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। তারপর আগামী ২০১৭-১৮ অর্থবর্ষের জন্য কলকাতার M/s. T. K. Das & Associates কে অডিটর নিয়োগ করা হয়। প্রতি বৎসরের ন্যায় এবারও প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায় তাঁর সতীর্থ ও অন্যান্য প্রাক্তনীদের থেকে সংগৃহীত ৩৬০৬৯ টাকা 'আচার্য ঋণ স্বীকার প্রকল্পে' বিদ্যামন্দির অধ্যক্ষের হাতে তুলে দেন। এরপর ১৯৭১-৭৪ শিক্ষাবর্ষের প্রাক্তনীদের পক্ষে প্রাক্তনী শ্রী তরুণ পাল ছাত্রবৃত্তি প্রকল্পে ১,৪১,০০০ টাকা তুলে দেন। ঐ একই প্রকল্পে ১৯৮১-৮৪ শিক্ষাবর্ষের প্রাক্তনীরা দান করেন ৪৭,০০০ টাকা। এছাড়া বিশেষ উল্লেখ্য যে ১৯৬৮-৭১ শিক্ষাবর্ষের ছাত্রদের পক্ষে শ্রী ভক্তিভূষণ গাঙ্গুলী ১,২৭,০০০ টাকা সংসদের তহবিলে দান করেন। ১৯৮২-৮৪ শিক্ষাবর্ষের উচ্চমাধ্যমিকের প্রাক্তন ছাত্ররা ছাত্রাবাসের রান্নাঘরে সবজী কাটার যন্ত্র কেনার উদ্দেশ্যে ৮৮,৫০০ টাকা বিদ্যামন্দিরকে দান করেন।



রানী রাসমণী স্মারক বক্তৃতায় ডাঃ দেবাঞ্জন সেনগুপ্তকে সম্বর্ধনা জ্ঞাপন

অবশেষে সংসদের অন্যতম সহ-সভাপতি শ্রী নিত্যনিরঞ্জন কুণ্ডু ধন্যবাদ জ্ঞাপন করেন। সমগ্র অনুষ্ঠানটি পরিচালনা করেন সংসদের আর এক সহ-সভাপতি শ্রী তপন কুমার ঘোষ। চিরাচরিত প্রথামত সমবেত জাতীয় সঙ্গীতের মধ্য দিয়ে এদিনের বার্ষিক সাধারণ সভার কাজ শেষ হয়।




বার্ষিক সাধারণ সভায় সম্বর্ধিত ডাঃ ধীমান গাঙ্গুলী




রানী রাসমণী স্মারক বক্তৃতায় ডাঃ দেবাঞ্জন সেনগুপ্ত



বার্ষিক সাধারণ সভার একটি মুহূর্ত



স্বামী আত্মস্থানন্দ স্মারক বক্তৃতায় স্বামী বিমলাত্মানন্দ ও সারদাপীঠের সম্পাদক স্বামী দিব্যানন্দ

# NEWS FROM VIDYAMANDIRA

**(June 2017 to November 2017)**

## *Platinum Jubilee Celebration (2016-17)*

**Closing Ceremony (July 4, 2017):** Ramakrishna Mission Saradapitha and Ramakrishna Mission Vidyamandira are celebrating their Platinum Jubilee. After the year-long celebration of the Platinum Jubilee Celebration the closing programme was held on 4th July, 2017. On this auspicious occasion, Revered Swami Abhiramanandaji Maharaj, Assistant General Secretary, Ramakrishna Math and Ramakrishna Mission delivered Swami Vimuktananda Memorial Lecture. Sri Gautam Halder and Sri Sumantra Sengupta (renowned artists) performed a composition of drama, recitation, music, dance etc.

**Special Seminar:** Jadavpur Association of International Relations (JAIR) organized a National Conference in collaboration with the Department of Political Science of Ramakrishna Mission Vidyamandira on 2, 3 & 4th November to commemorate seventy years of India's independence. The programme was inaugurated by Sri M.J. Akbar, Honourable Minister of State, Government of India. The theme was: *Seventy Years of India's Foreign Policy*.

**Sister Nivedita's 150th Birth Anniversary Commemorative Cultural Competitions:**

| Event/Competition | Date | No. of Participants |
|---|---|---|
| Inter-college University Drawing | 10.11.2017 | 40 |
| Inter-college University Elocution | 14.11.2017 | 58 |

**Bhratrivarana and Vidyarthi Vrata:** It was organized on 3rd August, 2017. Sri Debjit Bandyopadhyay performed *Banglar Mancha Gaan* in the evening.

**Workshops:** (a) The Department of Cultural Affairs organized a workshop on *Basics of Pakhoaj Recital* on 18th and 19th November, 2017. The resource persons were : Prof Gurudas Ghosh, Prof Partha Ghosh, Prof Apurbalal Manna and Prof Nishant Singh.

**Memorial Lectures:** Some of the memorial lectures/endowment lectures organized during the period under review are enlisted below:

| Date | Memorial/Endowment Lecture | Topic | Speaker |
|---|---|---|---|
| 22.08.2017 | Prof Bitasok Bhattacharya Memorial Lecture | *Swadhinata-uttar Bangla Kabita: Panchas Theke Sattarer Dasak* | Prof. Himabanta Bandyopadhyay, Presidency University |
| 08.09.2017 | Swami Atmasthananda Memorial Lecture | *Dharma, Adhyatmikata O Amra* | Prof. (Dr.) Loknath Chakraborty, Professor, Sanskrit College and University, Kolkata |

**Teachers' Colloquium:**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 25.11.2017 | *Bisoy Mrityu: Kichhu Elomelo Bhabna* | Prof. Subirranjan Bhattacharya, Ex-Prof., University of Calcutta |

**Introduction of New Courses:** Add-on certificate course on Painting is being conferred by Vivekananda Research Centre.

**Teacher's Achievement:** Prof. Soumitra Kayal, Assistant Professor of the Department of Mathematics has been admitted to the Ph.D degree by Jadavpur University.





প্রাথমিক নির্বাচন ← স্বামী তেজসানন্দ স্মারক কুইজ প্রতিযোগিতা → পুরস্কার বিতরণ

**Weekly Seminar and Special Lectures:** Some of the weekly seminars, extension lectures and special lectures organized during the period under review are enlisted below:

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 08.07.2017 | *Ratha-yatra O Jagannatha Mahatmya* | Prof. Sk. Makbul Islam, St. Paul's College, Kolkata |
| 15.07.2017 | *Rangamanche Sansodhanagarer Abasikra: AbhinayerAage O Pare* (A Video Presentation) | Swami Divyanandaji Maharaj, Secretary, Ramakrishna Mission Saradapitha |
| 26.07.2017 | Recent Trends in Number Theory | Prof. Ritabrata Munshi, Theoretical Statistics & Mathematics Unit, ISI, Kolkata |
| 28.07.2017 | How to Develop Self-Confidence (Workshop) | Swami Shastrajnanandaji Maharaj and Br. Subrata |
| 19.08.2017 | *Sechchha Raktadan: Bijnan O Samajik Dik* | Debabrata Ray, Association of Voluntary Blood Donors, West Bengal |
| 24.08.2017 | Governing India: Issues and Challenges | Professor Rabindranath Bhattacharya |
| 25.08.2017 | One Health Concept vis-a-vis Zoonoses and Prospects | Dr. Siddharta N. Joardar |
| 26.08.2017 | *HudhmataTrisandhyaYatra:* A Religious Journey | Sri Dwijendranath Banerjee |
| 26.08.2017 | Exploring the Quantum World: A Journey by a Cartoonist | Dr. Priyotosh Dutta, Associate Professor, Dept. of Chemistry, Ananda Mohan College, Kolkata |
| 14.09.2017 & 15.09.2017 | Comparative Study in *Jajnavalka*, Manu & Kautilya | Prof. Brajakishore Swain, Former Professor, Shri Jagannath Sanskrit University, Puri, Odisha |
| 21.09.2017 | Interrogating Intolerance (Panel Discussion) | Prof. Sovanlal Dutta Gupta, (Ex-Professor, CU), Prof. Abdus Samad Gayen (Presidency University), Prof. Samim Ahmed, Prof. Sandipan Sen (Vidyamandira) |
| 11.11.2017 | *Bijnan O Karigari Sikshay Bhagini Niveditar Abadan* | Dr. Bibhor Das, Assisatant Registrar, IIEST, Shibpur, Howrah |

**Students' Colloquium:**

| Date | Topic | Speaker |
|---|---|---|
| 04.08.2017 | The Biological Warfare | Sri Titash Baidya |
| 08.08. 2017 | Some Problems in Algebra and Analysis | Sri Saumyajit Jana & Sri Dipnit Biswas |
| 21.08.2017 | Meaning of Development | Sri Chhandas Bhattacharya & Sri Subhajit Sarkar |
| 25.08.2017 | A Kinetic Approach to Organic Transformations | Sri Arighna Sarkar & Sri Sayan Kundu |
| 08.09.2017 | Noble Gas Inserted Chemical Compounds – A Computational Approach | Sri Atri Mallick |
| 31.10.2017 | *Satyajiter Sahitya: Patay O Parday* | Sri Arkarup Gangopadhyay |

**Students' Achievements:**

Cultural and Co-curricular Activities:

| Competition | Name of Student/Rank | Organized by |
|---|---|---|
| Inter College Sanskrit Elocution Competition | Bappa Rajbangshi – 2nd | Sanskrit College and University, Kolkata |
| Inter College University Sci-Phy Quiz Competition | Dibyendu Mondal & Abhirup Mukherjee (this team stood champion) | RKM Residential College, Narendrapur |
| Swami Tejasananda Memorial Quiz Competition (Inter college) | Sri Subhankar Ghorui, Sri Sujoy Mondal and Sri Arnab Goswami (Champion) Total Teams Participated : 98 | RKM Vidyamandira and RKM Vidyamandira Alumni Association |
| Express (Essay Writing) | Chhandas Bhattacharya (Rank I) | Dept. of Economics, RKM Residential College, Narendrapur |
| Brainstorm (Quiz) | Spandan Banerjee & Jyoti Bhushan Rath (Rank II) | Dept. of Economics, RKM Residential College, Narendrapur |
| Brainstorm (Quiz) | Chhandas Bhattacharya (Rank III) | Dept. of Economics, RKM Residential College, Narendrapur |

Sri Nabendu Kumar Khan has been declared as one of the five Gold Medalists for All India level IAPT National Graduate Physics Examination, 2017.

Sri Sayan Bhakta (Physics Hons), Sandipan Manna (Chemistry Hons), Sudeep Shaw (Mathematics Hons) and Debdyuti Bhadra (Microbiology Hons) have been finally selected for Jagadish Bose National Science Talent Search (JBNSTS) Sc

holarship for the Academic Session 2017-18.

**New Recruitment:** Following new teachers have joined the Vidyamandira family very recently:

1. Prof. Anirban Sengupta (Dept. of Chemistry)
2. Prof. Asadulla Mallick (Dept. of Chemistry)

**NSS Wing of Vidyamandira:**

(a) Blood Donation:

- As in every year,this year too blood donation camps were organized on September 12 and November 4, 2017. Approximately 170 students donated blood.

(b) NSS wing conducted an eye-camp for the students and staff on 19th November, 2017.

(c) NSS wing initiated the Red Ribbon Club at Vidyamandira as a part of celebration of International Youth Day on Saturday, 12th August 2017. The speaker was Piyali Das, Assistant Director (Youth Affaires), WBSAP & CS.

(d) NSS wing conducted a JAM (just a minute) Session at Vidyamandira as a part of celebration of International Youth Day on Sunday, 13th August 2017. The topics were related with 'Role of Youth in Awareness', 'Motivating Peace', etc.

(e) NSS wing conducted a health check-up camp for the students and staff on 14th August, 2017.

**Some other Information:**

- Cultural Department of Vidyamandira recently introduced a Debate Club for the present students of Vidyamandira. This Club arranged a debate on 18th August, 2017. The motion was: *'Cinemake banchie rakhe commercial film'*.
- A monthly Study Circle has been introduced for the non-teaching staff of the Vidyamandira. Within this period the lectures were held on August 13, 25 and November 16, 2017.
- A regular *Kabitar Adda*, gathering of new poets of Vidyamandira, was started to promote the budding poets of Vidyamandira family. It was held on August 28 and September 27, 2016.

## প্রাক্তনী সংসদ সমাচার

স্বামীজীর স্বপ্নের বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদ বিদ্যামন্দির ও বিদ্যামন্দিরের বাইরে তার সীমিত সামর্থ্যের মধ্যে সমাজসেবামূলক কর্ম প্রক্রিয়া সাফল্যের সঙ্গে চালিয়ে যাচ্ছে। নিম্নে তার একটি বিবরণ দেওয়া হলো :

**স্বাস্থ্য প্রকল্প :** বেলুড় শ্রমজীবী হাসপাতালের সহযোগিতায় প্রাক্তনী সংসদের স্বাস্থ্য প্রকল্পটি বেশ সাফল্যের সঙ্গে এগিয়ে চলেছে। গত জুলাই ২০১৭তে প্রাক্তনীবার্তা প্রকাশের পর থেকে এই প্রতিবেদনটি লেখা পর্যন্ত মোট ৩১ জন দুঃস্থ রোগীকে চিকিৎসার জন্য ১৫,৫০০ টাকা অনুদান দেওয়া সম্ভব হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের একজন দুঃস্থ ছাত্রকে চিকিৎসার জন্য ১,০০০ টাকা প্রদান করা হয়েছে।

**ছাত্রবৃত্তি প্রকল্প :** এই প্রকল্পে ১৯৬৮-১৯৭১ ব্যাচের প্রাক্তনীরা গত ১৫ আগস্ট, ২০১৭তে ১ লক্ষ ২৭ হাজার টাকা প্রাক্তনী সংসদের হাতে তুলে দিয়েছেন। এই প্রকল্পে এখনও পর্যন্ত তাঁরা মোট ২৮,২৫,২০৩ টাকা সংসদকে দিয়েছেন। এছাড়া ১৯৭১-৭৪, ১৯৭৬-৭৯, ১৯৮৪-৮৬, ১৯৮৯-৯১, ২০০২-০৫, ২০০৫-০৮, ২০০৬-০৯ শিক্ষাবর্ষের প্রাক্তনীরাও এবং ব্যক্তিগতভাবে অন্যান্য অনেক প্রাক্তনী এই প্রকল্পে নীরবে তাঁদের সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন। এঁদের সকলকে সংসদের পক্ষ থেকে অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

**স্মারক বক্তৃতা :** গত ১২ আগস্ট, ২০১৭ তারিখে বিবেকানন্দ সভাগৃহে স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল। এবারের বক্তা ছিলেন বিদ্যামন্দিরের প্রাক্তনী (১৯৬৫-৬৮) বেলুড় মঠের বরিষ্ঠ সন্ন্যাসী স্বামী দেবরাজানন্দজী মহারাজ। তাঁর বক্তৃতার বিষয় ছিল : "ভগবদ্গীতা ও ব্যক্তিত্বের বিকাশ"। তাঁর মনোজ্ঞ বক্তৃতা সকলকে মুগ্ধ করে। এছাড়া গত ১৫ আগস্ট, ২০১৭ তারিখে "আশাজ্যোতি কনফারেন্স হলে" রানী রাসমনি স্মারক বক্তৃতার আয়োজন করা হয়েছিল; বক্তা ছিলেন বিশিষ্ট চিকিৎসক ও গবেষক ডাঃ দেবাঞ্জন সেনগুপ্ত। তাঁর বক্তৃতার বিষয় ছিল "ভারতের নিবেদিতা, নিবেদিতার ভারত।" তাঁর বক্তৃতাও সকলকে মুগ্ধ করে।

**মেডিকেল ছাত্রবৃত্তি প্রকল্প :** সরকারি মেডিকেল কলেজে পাঠরত ছাত্রদের আর্থিক সহায়তার এই নতুন প্রকল্পটি ২০১৭-১৮ বর্ষে শুরু হয়েছে। প্রাক্তনী শ্রী দেবাশিস ঘোষের (১৯৮৪-৮৬) অনুদানে সরিষা রামকৃষ্ণ মিশন আশ্রম বিদ্যালয়ের ছাত্র শ্রী সৈনেন্দু পাত্রকে এই ছাত্রবৃত্তি দেওয়া হয়েছে। সৈনেন্দু কোলকাতা মেডিকেল কলেজে ভর্তি হয়েছে।



বিদ্যামন্দিরের বর্তমান ও প্রাক্তন ছাত্রবৃন্দের সংগঠন 'স্বপ্নাঙ্গন'-এর উদ্যোগে কিশোরদের খেলার সরঞ্জাম প্রদান

**বার্ষিক সাধারণ সভা :** গত ১৫ আগস্ট, ২০১৭ প্রাক্তনী সংসদের ৩০ তম বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছিল। এই সভার বিস্তারিত বিবরণ বর্তমান সংখ্যায় পৃথক প্রতিবেদনে দেওয়া আছে।

**স্বামী তেজসানন্দ স্মারক ক্যুইজ প্রতিযোগিতা :** গত ৯ সেপ্টেম্বর, ২০১৭-১৮ শিক্ষাবর্ষের আন্তঃকলেজ ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়। এই প্রতিযোগিতায় ৯৫টি টিম অংশগ্রহণ করে। বিদ্যামন্দিরের ছাত্রদের টীম এই প্রতিযোগিতায় বিজয়ী হয় এবং রানার্স হয় বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের টীম। এই প্রতিযোগিতায় সকল প্রতিযোগীকে শংসাপত্র ও কিছু বই উপহার দেওয়া হয়। প্রসঙ্গত উল্লেখ্য, চ্যাম্পিয়ন দলকে প্রাক্তনী শ্রীগোপীনাথ দত্ত (১৯৬৪-৬৭) প্রদত্ত *দেবেন্দ্রনাথ দত্ত-শিবরানী দত্ত* স্মৃতি পুরস্কার দেওয়া হয়েছে এবং রানার্স দলকে দেওয়া হয়েছে প্রাক্তনী শ্রীজয়জিৎ বক্সী (১৯৫৫-৫৭) প্রদত্ত *বিক্রমজিৎ-নীলিমা বক্সী* স্মৃতি পুরস্কার।

**বিবেকানন্দ সম্মেলন :** ২০১৭-১৮ বর্ষের বিবেকানন্দ সম্মেলন হুগলি জেলাতে অনুষ্ঠিত হতে চলেছে। প্রথম প্রস্তুতি সভা ইতিমধ্যেই আঁটপুর রামকৃষ্ণ মঠ-এ অনুষ্ঠিত হয়েছে। পরবর্তী পর্যায়ের অনুষ্ঠানগুলি এই অর্থবর্ষের মধ্যেই হবে।

প্রাক্তনী সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত প্রত্যেক প্রাক্তনী ও শুভানুধ্যায়ীকে সংসদের পক্ষ থেকে উষ্ণ অভিনন্দন ও কৃতজ্ঞতা জানাই।

**মনোজ কুমার ভট্টাচার্য্য, কর্মসচিব, প্রাক্তনী সংসদ**


নবপ্রবর্তিত মেডিকেল ছাত্রবৃত্তি প্রাপক সৈনেন্দু পাত্র


বিদ্যামন্দির বহির্গত ছাত্রী মণিমালা মাঝিকে বৃত্তিপ্রদান


বিদ্যামন্দির বহিরাগত ছাত্রী পূজা নন্দীকে বৃত্তিপ্রদান

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক ঃ তপন কুমার ঘোষ

সদস্যবৃন্দ ঃ নিত্যনিরঞ্জন কুণ্ডু, স্বামী শাস্ত্রজ্ঞানন্দ, সুশান্ত দে, শুভেন্দু মজুমদার, গৌতম মুখোপাধ্যায় এবং মনোজ কুমার ভট্টাচার্য (কর্মসচিব)

**BOOK POST**

PRINTED MATTER

**If undelivered, please return to :**

**Ramakrishna Mission Vidyamandira Alumni Association, P.O. : Belur Math, Howrah, West Bengal-711202**
**E-mail : alumnividyamandira@gmail.com ● Website : www.alumnividyamandira.in**

Published by Manoj Kumar Bhattacharyya, Secretary, Ramakrishna Mission Vidyamandira Alumni Association

Printed at Soumen Traders Syndicate, Bally, Howrah, Ph. : 2654-3536